


যে সাগরের পানিতে ডোবে না মানুষ

- A Monitor Desk Report

Date: 07 February, 2024



সীতার জানেন না? তাতে কী হয়েছে, আপনি মাঝ সমুদ্রে গিয়ে পানিতে ভেসে ভেসেই খরবের কাগজ পড়া থেকে শুরু করে খাবার খাওয়া সবই করতে পারবেন। ভাবছেন তো, জাহাজে করে? একেবারেই তা নয়।

পৃথিবীতে এমন একটি সাগর রয়েছে, যাতে পড়ে গেলেও মানুষ ডোবে না। এতদিন শুনছিলেন, মৃত মানুষ পানিতে ভাসে। কিন্তু এই ক্ষেত্রে এমনটা নয়, পৃথিবীতে এমনও এক সাগর রয়েছে, যাতে আপনি ভেসে থাকতে পারবেন।

তার জন্য সীতার কাটার প্রয়োজন নেই। জর্ডান ও ইসরায়েলের মধ্যে অবস্থিত এই সাগরকে মানুষ মৃত সাগর (Dead Sea) বলেই জানে। ভুলবশত যদি এই সাগরে আপনি পড়েও যান, তাও ডুববেন না, বরং আপনার শরীর পানিতে ভাসবে। আসলে সাগরের পানি সাধারণত লবণাক্ত, কিন্তু এই মৃত সাগরের পানি এতই নোনতা যে এতে কোনও জীবই বাঁচতে পারে না। এই সাগরে একটি মাছও যদি আপনি রাখেন, তাহলে সঙ্গে সঙ্গে সেটি পানির মধ্যেই মরে যাবে।

বিজ্ঞানীদের মতে, ব্রোমাইড, জিঙ্ক, সালফার, পটাশ, ম্যাগনেসিয়াম এবং ক্যালসিয়ামের মতো খনিজগুলো মৃত সাগরের পানিতে পাওয়া যায়, যার কারণে এটি বেশ লবণাক্ত হয়ে যায়।

কিন্তু আপনার মনে নিশ্চয়ই এতক্ষণে এই প্রশ্ন এসেই গেছে যে, লবণাক্ত হওয়ার সঙ্গে ভেসে থাকার কী সম্পর্ক? আসলে এর কারণটি আলাদা এবং আকর্ষণীয়। প্রকৃতপক্ষে মৃত সাগর সমুদ্রপৃষ্ঠ থেকে প্রায় ১৩৮৮ ফুট নিচে। এটি পৃথিবীর সর্বনিম্ন বিন্দু হিসেবে বিবেচিত।

এই কারণে এর ঘনত্ব এত বেশি হয়ে যায় যে, এই সাগরে পানির প্রবাহ নিচ থেকে ওপরের দিকে হয়। আর সেই কারণেই যখন কোনও ব্যক্তি পানির ভিতরে যাওয়ার চেষ্টা করে, সে পানির উপরিভাগে ভাসতে শুরু করে।

অর্থাৎ বুঝতেই পারছেন, এতে শুয়ে পড়লেও আপনি ডুববেন না। মৃত সাগরের পানিতে ৫০ শতাংশ ম্যাগনেসিয়াম ক্লোরাইড, সোডিয়াম

ক্লোরাইড ৩০ শতাংশ, ক্যালসিয়াম ক্লোরাইড ১৪ শতাংশ এবং পটাশিয়াম ক্লোরাইড ৪ শতাংশ আছে।

-B